

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৫৪.২০২৩. ৪২৩


তারিখ: ১৪৩০ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব উত্তম কুমার সাহা, প্রাক্তন প্রধান শিক্ষক, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর, বর্তমানে প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন হতে ১০ টি অভিযোগ সম্বলিত একটি অভিযোগনামা এবং উক্ত অভিযোগের প্রেক্ষিতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরেজমিন তদন্ত করার জন্য ০২ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে ২০১৩, ২০১৪, ২০১৫ শিক্ষাবর্ষে ৪র্থ ও ৬ষ্ঠ শ্রেণিতে ১০১ জন শিক্ষার্থী অতিরিক্ত ভর্তি করা, বিদ্যালয়ের পিডিএস ফাইলে শিক্ষার্থীদের সংখ্যা হালনাগাদ না করা, কোচিং বাণিজ্য পরিচালনা করা, বিজ্ঞানাগারের মালামাল ক্রয়ে আপনার নিজের মতো করে বিল-ভাউচার তৈরি করা এবং কিছু কিছু মালামাল ক্রয় করে শিক্ষকদেরকে পুরোপুরি মালামাল বুঝিয়ে না দেওয়া, লিভারিজ খাতের বরাদ্দকৃত টাকা কর্মচারীদের বুঝিয়ে না দেওয়ার অভিযোগে তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


২১/৮/২৩
(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান কর্মস্থল:

জনাব উত্তম কুমার সাহা
প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর।

অনুলিপি:


- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগ বিবরণী

জনাব উত্তম কুমার সাহা, প্রাক্তন প্রধান শিক্ষক, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর, বর্তমানে প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন হতে ১০ টি অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরেজমিন তদন্ত করার জন্য ০২ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে নিম্নরূপ পাঁচটি অভিযোগ প্রমাণিত হয়েছে:

- (ক) ২০১৩, ২০১৪, ২০১৫ শিক্ষাবর্ষে ৪র্থ ও ৬ষ্ঠ শ্রেণিতে ১০১ জন শিক্ষার্থী অতিরিক্ত ভর্তি করেছেন;
- (খ) বিদ্যালয়ের পিডিএস ফাইলে শিক্ষার্থীদের সংখ্যা হালনাগাদ করেননি;
- (গ) কোচিং বাণিজ্য পরিচালনা করেছেন;
- (ঘ) বিজ্ঞানাগারের মালামাল ক্রয়ে তিনি নিজের মতো করে বিল-ভাউচার তৈরি করেছেন এবং কিছু কিছু মালামাল ক্রয় করে শিক্ষকদেরকে দিয়েছেন কিন্তু পুরোপুরি মালামাল বুঝিয়ে দেননি;
- (ঙ) লিভারিজ খাতের বরাদ্দকৃত টাকা কর্মচারীদের বুঝিয়ে দেননি;

জনাব উত্তম কুমার সাহা, প্রাক্তন প্রধান শিক্ষক, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর, বর্তমানে প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


১০/৮/১৩
(সোলেমান খান)
সচিব